

পর্যটকদের জন্য বিশেষ ছাড় বান্দরবানে

- A Monitor Desk Report

Date: 10 November, 2024



বান্দরবান: বান্দরবান সদর, লামা, আলীকদম ও নাইক্ষ্যংছড়ি এ চারটি উপজেলায় পর্যটক ভ্রমণের উপর নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং তাদের ভ্রমণে উৎসাহিত করায় প্রধান উপদেষ্টা এবং উপদেষ্টামন্ডলীসহ বান্দরবান জেলার সকল কর্মকর্তাবৃন্দকে কৃতজ্ঞতা জানান পর্যটন সংশ্লিষ্ট নেতারা। এ সময় পর্যটকদের জন্য বিশেষ ছাড় দিয়ে স্বাগত জানান পর্যটন ব্যবসায়ীরা।

শহরের গ্র্যান্ড ভ্যালী হোটেলের রেস্টুরেন্টে সংবাদ সম্মেলনের মাধ্যমে পর্যটন সংশ্লিষ্ট নেতারা এ ঘোষণা দেন।

এসময় তারা বলেন, বান্দরবানে রয়েছে অসংখ্য পাহাড়, বর্ণা, নদীপথ, বিভিন্ন পর্যটন স্পটসহ নানা দৃষ্টিনন্দন প্রকৃতির লীলাভূমি। দীর্ঘদিন ধরে বন্ধ থাকায় দেশি-বিদেশি পর্যটকরা এসব দৃশ্য উপভোগ করা থেকে বিরত ছিল। পাশাপাশি পর্যটকদের জন্য সাজিয়ে রাখা হোটেল-মোটল ব্যবসায়ীরাও লোকসান গুণেছে। দীর্ঘদিন পরে হলেও বান্দরবানের বিপর্যস্ত পর্যটন খাতকে দেশী ও বিদেশী পর্যটকদের জন্য খুলে দেওয়ায় খুবই খুশি হয়েছি।

পর্যটন সংশ্লিষ্ট নেতারা বলেন, এখানে পর্যটকদের ভ্রমণে উৎসাহিত করতে আবাসিক হোটেলে ৩৫ শতাংশ, সকল রিসোর্টে ২৫ শতাংশ, খাবার হোটেল এন্ড রেস্টুরেন্টে ১০ শতাংশ, পর্যটকবাহী জীপ, কার, মাইক্রোবাসে (চৌদের গাড়ী) ২০ শতাংশ এবং পর্যটকবাহী সিএনজি ও মাইল্দ্রাতে (থ্রি-হিলার) ২০ শতাংশ ছাড় দেওয়া হয়েছে। আশা করছি এখন থেকে পর্যটকরা অনায়াসে বান্দরবানে আগেরমত ঘুরে বেড়াতে পারবে।

এসময় প্রেস ক্লাবের সাবেক সভাপতি অধ্যাপক ওসমান গনি, বান্দরবান জেলা পর্যটন সংশ্লিষ্ট ব্যবসায়ী সমন্বয় পরিষদের আহ্বায়ক মো: নাছিরুল আলম, সদস্য সচিব মো: সিরাজুল ইসলাম, সেক্রেটারী মো: জসিম উদ্দিনসহ বান্দরবান জেলা পর্যটন সংশ্লিষ্ট ব্যবসায়ী সমন্বয় পরিষদের নেতা ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

